# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:** বাংলাদেশের সংস্কৃতি ও সাংস্কৃতিক বৈচিত্র্য | পাঠ-১:<br>বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের ধারণা<br>পাঠ-২ ও ৩:<br>বাংলাদেশের গ্রাম ও শহরের সংস্কৃতি<br>পাঠ-৪:<br>বাংলাদেশের লোক সংস্কৃতি ও এর বিভিন্ন উপাদান<br>পাঠ-৫:<br>বাংলাদেশের বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতি | তোমাদের সামাজিক জীবনে প্রচলিত চারটি লোক সাংস্কৃতির উপাদান চিহ্নিত কর এবং এই উপাদানগুলো তোমার জীবনে কী ধরনের প্রভাব ফেলে তা বর্ণনা কর।<br><br>এই নির্ধারিত কাজটি করার সময় নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নিতে হবে-<br>১. লোকসংস্কৃতির সুস্পষ্ট ধারণা প্রদান<br>২. প্রচলিত লোকসংস্কৃতির সঠিক উদাহরণ প্রদান<br>৩. শিক্ষার্থীর নিজ জীবনের উপর প্রতিফলনের ব্যাখ্যা প্রদান | - | **ক. অতি উত্তমঃ**<br>১. শিক্ষার্থী অন্তত চারটি লোকসংস্কৃতির উপাদানের নাম লিখবে।<br>২. প্রতিটি লোকসংস্কৃতির উপাদানের সুস্পষ্ট প্রভাব ব্যাখ্য করবে।<br>৩. নির্ধারিত কাজটি সুগঠিত, নির্ভুল বানান ও বাক্যে লেখা হবে।<br><br>**খ. উত্তমঃ**<br>১. শিক্ষার্থী অন্তত তিনটি লোকসংস্কৃতির উপাদানের নাম লিখবে।<br>২. প্রতিটি লোকসংস্কৃতির উপাদানের সুস্পষ্ট ধারণার অভাব রয়েছে।<br>৩. নির্ধারিত কাজটি সুগঠিত, নির্ভুল বানান ও বাক্যে লেখা হবে।<br><br>**গ. ভালোঃ**<br>১. শিক্ষার্থী অন্তত দুটি লোক সংস্কৃতির উপাদানের নাম লিখবে।<br>২. প্রতিটি লোকসংস্কৃতির উপাদানের সুস্পষ্ট ধারণার অভাব রয়েছে।<br>৩. নির্ধারিত কাজটি আংশিক সুগঠিত, কিছু বানান ও বাক্যে ভুল লেখা থাকলে।<br><br>**গ. অগ্রগতি প্রয়োজনঃ**<br>১. শিক্ষার্থী অন্তত একটি লোকসংস্কৃতির উপাদানের নাম লিখবে।<br>২. প্রতিটি লোকসংস্কৃতির উপাদানের ধারণায় অস্পষ্টতা রয়েছে।<br>৪. নির্ধারিত কাজটি কিছু বানান ও বাক্যে ভুল লেখা থাকলে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** শরীর চর্চা ও সুস্থ জীবন | • প্রাত্যহিক সমাবেশের নিয়মাবলি<br>• প্রাথমিক স্বাস্থ্যবিধির ধারণা<br>• শারীরিক সুস্থতায় ব্যায়ামের প্রভাব<br>• অতিরিক্ত ব্যায়ামের কুফল<br>• সরঞ্জামবিহীন ব্যায়াম<br>• সরজ্ঞামসহ ব্যায়াম<br>• ব্রতচারী ব্যায়াম বা লোকজ ব্যায়াম<br>• এডুকেশনাল জিমন্যাস্টিক | একদিন সকালে তুমি দেখলে তোমার প্রতিবেশি জব্বার খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটছে। সে একজন ভালো খেলোয়াড় তুমি জিজ্ঞাসা করলে জব্বার তোমার কি হয়েছে?<br><br>জব্বার বলল-গতকাল ব্যায়াম করতে যেয়ে ব্যাথা পেয়েছি। তুমি পাঠ্যবইয়ের আলোকে জেনেছ অতিরিক্ত ব্যায়ামের ফলে শরীরের অনেক ক্ষতি সাধিত হয়। এ বিষয়ে ২০০ শব্দের একটি প্রতিবেদন তৈরি কর। | • তোমার নিজের অভিজ্ঞতা<br>• পাঠ্যপুস্তকের সংশ্লিষ্ট অংশ<br>• অভিভাবকদের সাথে আলোচনা | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, সূত্রপাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় বাক্য গঠন, বানান ও লেখনীতে পরিচ্ছন্নতা<br><br>**উত্তম:**<br>১. অধিকাংশ বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় বাক্য গঠন, বানান ও লেখনীতে আংশিক পরিচ্ছন্নতা<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় বাক্য গঠন, বানান ও লেখনীতে পরিচ্ছন্নতার অভাব<br><br>**অগ্রগতির প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় বাক্য গঠন, বানান ও লেখনীতে পরিচ্ছন্নতার অভাব |